

[একই স্মারক ও তারিখে প্রতিস্থাপিত হবে]



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
আর্থিক প্রতিষ্ঠান বিভাগ, অর্থ মন্ত্রণালয়

জীবন বীমা কর্পোরেশন

একচুয়ারি বিভাগ, প্রধান কার্যালয়, ২৪ মতিঝিল বা/এ, ঢাকা-১০০০।
ই-মেইল : tad@jbc.gov.bd , ওয়েব সাইট : www.jbc.gov.bd

স্মারক নং: ৫৩.১৯.০০০০.৫০৪.২০.০০০.২৪-৩২

তারিখ: ১৪.০৫.২০২৪খ্রিঃ


“অফিস আদেশ”

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের হাতে গড়া জীবন বীমা কর্পোরেশনের ৫১তম প্রতিষ্ঠা বার্ষিকী-২০২৪' উপলক্ষে জীবন বীমা কর্পোরেশনের সম্মানিত বীমাগ্রাহকের তামাদি/অনিয়মিত পলিসি চালুর জন্য সম্পূর্ণ বিলম্ব মাসুল (Late Fee) মওকুফ করা হলো। এ সুযোগ ১৪ মে, ২০২৪ তারিখ হতে ৩০ জুন, ২০২৪ পর্যন্ত বলবৎ থাকবে।

২। বিলম্ব মাসুল মওকুফের এ সুবিধা নিম্নোক্ত শর্ত সাপেক্ষে প্রযোজ্য হবে:

- তামাদি পলিসি পুনরুজ্জীবিতকরণের ক্ষেত্রে পলিসি ঝুঁকি গ্রহণের তারিখ ৩০ জুন, ২০১৯ তারিখ ও তৎপরবর্তী সময় হতে হবে।
- অনিয়মিত পলিসি নিয়মিতকরণের ক্ষেত্রে প্রিমিয়াম দেয় তারিখ ৩০ জুন, ২০২২ তারিখ হতে বর্তমান তারিখের মধ্যে হতে হবে।
- প্রয়োজনীয় ডাক্তারী চাহিদাদির ক্ষেত্রে ডিজিএইচ প্রদান করলেই চলবে।
- বিশেষ পুনর্বহালের ক্ষেত্রে পলিসি বীমাযোগ্য বয়সের মধ্যে হতে হবে এবং বয়স বৃদ্ধিজনিত পার্থক্য প্রিমিয়াম প্রদান করতে হবে।
- এ আদেশ ১৪ মে, ২০২৪ তারিখ থেকে কার্যকর হবে।

৩। কর্তৃপক্ষের নির্দেশক্রমে এ আদেশ জারি করা হলো।


(মোঃ হাম্মানুর রশিদ) ১৪.০৫.
জেনারেল ম্যানেজার-টিএ
ফোন: ০২-৪১০৫৩৩০৪

সদয় অবগতি ও কার্যার্থে (জৈষ্ঠতার ভিত্তিতে নয়):-

- ১। জেনারেল ম্যানেজার-হিসাব ও প্রশাসন, জীবিক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ২। জেনারেল ম্যানেজার-আই.সি.টি, জীবিক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৩। জেনারেল ম্যানেজার-উন্নয়ন, জীবিক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৪। সকল রিজিওনাল ইনচার্জ
- ৫। ডেপুটি জেনারেল ম্যানেজার -অর্থ ও হিসাব, জীবিক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ৬। ডেপুটি জেনারেল ম্যানেজার -আই.সি.টি, জীবিক, প্রধান কার্যালয়, ঢাকা-ওয়েবসাইট ও ফেসবুক প্রচার করার জন্য।
- ৭। ম্যানেজার বোর্ড -চেয়ারম্যান মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ৮। সকল কর্পোরেট সেবা দপ্তর-ইনচার্জ
- ৯। সিস্টেম এ্যানালিস্ট-আইসিটি, জীবিক, প্র/কা,ঢাকা-অন-লাইনে অন্তর্ভুক্ত করার জন্য।
- ১০। ম্যানেজার-জনসংযোগ, জীবিক, প্রধান কার্যালয়, ঢাকা।
- ১১। পি এস টু এমডি- এমডি মহোদয়ের সদয় অবগতির জন্য।
- ১১। সংশ্লিষ্ট নথি।